

উপজেলা "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮" কমিটির উপজেলা "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮"
কমিটির নভেম্বর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ২৭/১১/২০২৫ খ্রি.

সভার সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল জানান যে "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮" এর বিধি ১৯(১) অনুযায়ী ইউনিয়ন কমিটির সকল ইউপি চেয়ারম্যান মহোদয় গন কে প্রস্তাবনের চিঠি দেওয়া হয়। প্রতিমাসে ইউনিয়ন কমিটিতে সভা করার জন্য অনুরোধ করা হয়। সভাপতি মহোদয় জানান যে, গত মাসে কোন বাল্য বিবাহের তথ্য পাওয়া যায়নি।

তিনি আরো জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সহ রেজিস্টারগন সভায় উপস্থিত থাকবেন। বাল্যবিবাহ সম্পাদনে বাধা প্রাপ্ত পরিবার অন্যত্র জায়গায় বিবাহ সম্পন্ন করেছে এরূপ সংবাদ পেলে সঙ্গে-সঙ্গে জানানোর জন্য অনুরোধ করা হলো। তিনি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান নিজ নিজ ইউনিয়নে বাল্যবিবাহ বিষয়ে সতর্ক থাকতে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বাল্যবিবাহ রোধে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ওয়ার্ড সদস্যগন তাদের নিজ নিজ অধিক্ষেত্রের মসজিদে জুম্মাবারে বিষয়টি মুদ্রাপিদের সম্মুখে ইমামদের তুলে ধরতে পরামর্শ প্রদান করবেন। এ ছাড়া বিবাহ রেজিস্টারগন সজাগ থাকবেন।

বাছবায়নঃ ফিস্ত সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন নাচোল, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান গন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ সুব্রতীয়া রাস্তিয়া)
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)

ও
সভাপতি

উপজেলা "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮" কমিটি
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারকনং-৩২.০১.৭০৫৬.০০০.০৬.০০১.২৫-১১৬৫

তারিখঃ ৩০/১১/২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪) উপজেলা -----কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫) জনাব.....নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৬) অফিসকপি।

(বন্দনা সাহা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য-সচিব

উপজেলা "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮" কমিটি
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।